

SENIOR SCHOOL CERTIFICATE EXAMINATION.... 2017

MARKING SCHEME

SUBJECT : BENGALI (বাংলা) (105)

CLASS : XII

SET : SERIES - GBM/1

CODE NO. : 5/1

MARKING SCHEME

SENIOR SCHOOL CERTIFICATE EXAMINATION : 2017

SUBJECT : BENGALI (105)

CLASS - XII

SERIES : GBM/1

CODE NO : 5/1

MAXIMUM MARKS : 85

।। উত্তরপত্র মূল্যায়ন - সংক্রান্ত বিশেষ নির্দেশাবলি ।।

১. উপস্থিত মূল্যায়ন প্রকল্পে (Marking Scheme - এ) উত্তর সমূহের মানবিন্দু (Value Point) - গুলিই প্রস্তাবিত হয়েছে মাত্র। এই Value Point - গুলিকে পূর্ণাঙ্গ উত্তর হিসাবে নয় - প্রত্যাশিত উত্তরের দিকদিশারি (Guide Lines) হিসাবেই গন্য করতে হবে। পরীক্ষার্থী নিজের ভাষায় অর্থাৎ নিজের মত করে উত্তর দিতে পারে ; এবং সেই উত্তর নিতান্ত ভুল না হলে তাতে যথোচিত নম্বর দিতে হবে।
২. মহামান্য সর্বোচ্চ আদালতের (Supreme Courte - এর) আদেশ অনুসারে সংশ্লিষ্ট পরীক্ষার্থীরা এখন থেকে নির্দিষ্ট অর্থমূল্য (Fee) দিয়ে আবেদন করলে তাদের উত্তর পত্রের প্রতিলিপি (Photocopy) পাঠাতে হবে, এ - কারনে সমস্ত প্রধান পরীক্ষক / পরীক্ষককে পুনরায় অবগত করা হচ্ছে যে তারা যেন উত্তর পত্রের প্রতিটি উত্তর অব্যতিক্রমীরূপে Marking Scheme - প্রস্তাবিত Value Point অনুযায়ী মূল্যায়ন করা হয়েছে - সে ব্যাপারে অবশ্য সুনিশ্চিত থাকেন।
৩. সমস্ত প্রধান পরীক্ষক / পরীক্ষককে এও জানানো হচ্ছে যে, কোন উত্তর সম্পূর্ণ ভুল হলে মূল্যায়নের সময় সেই ভুল উত্তরের উপর (X) চিহ্ন অঙ্কিত করতে হবে এবং সেই উত্তরের জন্য যথাস্থানে '০' (zero) নম্বর চিহ্নিত করতে হবে।

SENIOR SCHOOL CERTIFICATE EXAMINATION - 2017**MARKING SCHEME (FINAL VERSION)****SUBJECT : BENGALI (105)****SET : SERIES - GBM/1****CODE NO. : 5/1****উত্তর-পত্র মূল্যায়নের কটি সাধারণ নীতি**

- ক. 'অথবা' - যুক্ত প্রশ্ন (Choice type question) - এর ক্ষেত্রে প্রদত্ত সব প্রশ্নের উত্তর লিখিত হলে পরীক্ষার্থীর স্বার্থে অপেক্ষাকৃত বেশি নম্বর পেতে পারে তেমন উত্তরটি গণ্য করতে হবে এবং অতিরিক্ত উত্তরগুলি কেটে দিতে হবে।
- খ. ৩০ শতাংশ নম্বর পর্যন্ত পাওয়া পরীক্ষার্থীকে অতিরিক্ত ৩ নম্বর দিয়ে ন্যূনতম পাশ নম্বর ৩৩ % - এর আওতায় আনতে হবে।
- গ. ভাষা ও সাহিত্যের পরীক্ষায় পুরো নম্বর দেওয়া যায় না বরং কম নম্বর দিতে হয় অথবা পরিমাণে প্রচুর লিখতে হয় — এ-হেন চিরাচরিত চিন্তা বা সংস্কার ছেড়ে বাংলা ভাষা ও সাহিত্যের উত্তর-পত্র মূল্যায়ন করতে হবে।
- ঘ. বানান ভুল যতক্ষণ না পর্যন্ত বিষয়-বস্তুকে বিকৃত করছে — ততক্ষণ পর্যন্ত বানান বাবদ নম্বর না কাটা বাঞ্ছনীয়।
- ঙ. উত্তর আরো কত ভালো হতে পারতো — সেই চিন্তা যথাসম্ভব দূরে রেখে প্রদত্ত উত্তরটি ঠিক হয়েছে কি না, সেই দিকেই নজর দেওয়া উচিত।

SENIOR SCHOOL CERTIFICATE EXAMINATION -- 2017 MARKING SCHEME (FINAL VERSION) SUBJECT : BENGALI (105) SERIES : GBM/1 CODE NO. : 5/1		
Q No.	EXPECTED ANSWERS / VALUE POINTS	DISTRIBUTION OF MARKS
1.	<p>অনুচ্ছেদ পড়ে প্রশ্নোত্তর। চারটি প্রশ্নের উত্তর অনুচ্ছেদ পড়ে লিখতে হবে। শেষ প্রশ্নের উত্তর ব্যাকরণ-ভিত্তিক।</p> <ul style="list-style-type: none"> • অনুচ্ছেদ অনুসরণে নিজের ভাষায় সঠিক উত্তর লিখলে, অথবা • সরাসরি অনুচ্ছেদ থেকেই প্রাসঙ্গিক বাক্য তুলে দিলে, অথবা • কেবলমাত্র সংকেত শব্দ / শব্দগুচ্ছ লিখলেও পুরো নম্বর। <p>উত্তর সংকেত :</p> <p>(a) আলাগা ভাবে ভাবতে অভ্যস্ত।</p> <p>(b) যাঁরা নাচ গান নাটক চলচ্চিত্র সাহিত্য ইত্যাদির চর্চা করেন।</p> <p>(c) যাঁরা নাচ গান নাটক চলচ্চিত্র সাহিত্য ইত্যাদির সঙ্গে সরাসরি জড়িত নন।</p> <p>(d) সংস্কৃতিও এক হিসেবে পণ্য। বা সংস্কৃতিকর্মী নামে যাঁরা চিহ্নিত তাঁরাও অন্যদের মতোই পণ্যোৎপাদনের জালে জড়িত। এটা সুখের কথা নয়।</p> <p>(e) পণ্য + উৎপাদন।।</p>	<p>(1 +1+1+1+1) = 5</p>
2.	<p>1 নং প্রশ্নের অনুরূপ।</p> <p>উত্তর সংকেত :</p> <p>(a) স্ত্রীশক্তি বিষয়ে।</p> <p>(b) হাটহাজার, চায়ের দোকান, ফুটপাথের কোণা, আস্তাকুঁড় খোকে।</p> <p>(c) মস্ত এক চটের বোলা।</p> <p>(d) বানানো।</p> <p>(e) হাট ও বাজার।</p>	<p>(1 +1+1+1+1) = 5</p>

Q No.	EXPECTED ANSWERS / VALUE POINTS	DISTRIBUTION OF MARKS
	SECTION B (GRAMMAR)	
3.	<p>ধ্বনিতত্ত্বের সূত্রগুলির মধ্যে <u>যে-কোনো একটির দুটি উদাহরণ সহ সংজ্ঞা।</u></p> <ul style="list-style-type: none"> শুধু সংজ্ঞাটি ঠিকভাবে লিখলে 3 নম্বর। উৎস- শব্দটিকে পাশে রেখে উদাহরণ দিলে অর্থাৎ উচ্চারণ পরিবর্তনের স্তর নির্দেশের চেষ্টা করলে প্রতিটি উদাহরণ 1 নম্বর। যেমন : অপিনিহিতি - ‘করিয়া’ > ‘কইরা’। কিন্তু কেবল সংশ্লিষ্ট রীতি- প্রভাবিত শব্দটির উল্লেখ করলে 0.5 নম্বর। যেমন : অপিনিহিতি - ‘কইরা’। 	<p>5 (3 + 2)</p>
4.	<p>অলঙ্কারের উদাহরণসহ সংজ্ঞা। যে-কোনো একটি।</p> <p>(a) অনুপ্রাস (b) শ্লেষ (c) যমক</p> <ul style="list-style-type: none"> সংজ্ঞার জন্য 3 নম্বর। উদাহরণের জন্য 1.5 নম্বর এবং সংজ্ঞার সঙ্গে উদাহরণের যোগ স্থাপনের জন্য 0.5 নম্বর। <p><u>অথবা</u> সংজ্ঞা সহ অলঙ্কার নির্ণয়। যে-কোনো একটি।</p> <ul style="list-style-type: none"> মূল অলঙ্কারের নাম উল্লেখ করলেই 3 নম্বর। শুধু সংজ্ঞা 1.5 নম্বর এবং সংজ্ঞাকে যুক্তিযুক্ত করতে পারলে পুরো 2 নম্বর। <p>উত্তর-সংকেত :</p> <p>(a) শ্লেষ (b) অনুপ্রাস বা বৃত্ত্যানুপ্রাস (c) উপমা</p>	<p>5 (3 + 2)</p>
5.	<p>বাগ্ধারা / প্রবাদ। যে-কোনো চারটি।</p> <ul style="list-style-type: none"> অর্থ লিখে বাক্য রচনা। প্রতিটি 2 নম্বর। অর্থ ঠিক, কিন্তু বাক্য ভুল- 1 নম্বর। 	<p>8 (2 x 4)</p>

Q No.	EXPECTED ANSWERS / VALUE POINTS	DISTRIBUTION OF MARKS
	<ul style="list-style-type: none"> • অর্থ ঠিক, বাক্যও ঠিক - কিন্তু স্বয়ংসম্পূর্ণ নয় (যেমন : 'সে একজন বকখার্মিক') - 2 নম্বর। • অর্থের কোনো উল্লেখ নেই, বাক্যও স্বয়ংসম্পূর্ণ নয় - 1 নম্বর। • অর্থের উল্লেখ নেই, কিন্তু বাক্য স্বয়ং সম্পূর্ণ - 1.5 নম্বর। <p><u>উত্তর সংকেত :</u></p> <ul style="list-style-type: none"> • বকখার্মিক - ভণ্ড। • বেনাবনে মুক্তো ছড়ানো - অপাত্রে দান। • উড়ে এসে জুড়ে বসা - অনধিকারীর অধিকার প্রতিষ্ঠা। • কুপমলুক - সীমিত জ্ঞান বা অভিজ্ঞতা যার। • ধরি মাছ না ছুঁই পানি - জড়িত থেকেও ধরা না দেওয়া। • স্যাকরার ঠুকঠাক, কামারের এক ঘা - উপযুক্ত কর্মপদ্ধতি। • তালকানা - মাত্রাজ্ঞানহীন। • হাটে হাঁড়ি ভাঙা - সবার সামনে গোপন কথা প্রকাশ করা। 	
	SECTION C (COMPOSITION)	
6.	<p>প্রতিবেদন পড়ে প্রশ্নোত্তর।</p> <p>(a) শিরোনাম। প্রতিবেদনের মূল বিষয়টি কয়েকটি শব্দের মধ্যে উল্লেখ করতে পারলেই 1 থেকে 2 নম্বর দেওয়া হবে। (সংকেত : অজর মানবিকতা / অদম্য মানবিকতা / মানবিকতা, দায়িত্ববোধের অনন্য দৃষ্টান্ত ইঃ)</p> <p>(b) মানবিক দায়িত্ববোধের প্রজন্ম ও আর্থিক অবস্থান নিরপেক্ষতার কথা দুটি বাক্যে উল্লেখ করলেই 2 নম্বর।</p>	<p>6 (2+2+2)</p>

Q No.	EXPECTED ANSWERS / VALUE POINTS	DISTRIBUTION OF MARKS
	(c) রিক্লাওয়ালার উক্তিটি যে-কোনো ভাবে বলতে পারলেই 2 নম্বর।	
7.	<p>পত্রলিখন ঃ মা'কে অথবা বন্ধুকে ।</p> <ul style="list-style-type: none"> • চিঠির বিষয়বস্তুর জন্য 3 নম্বর। • অবয়ব-সংস্থানে তারিখ, প্রেরকের ঠিকানা বা স্থান, সম্মোধন ও সমাপ্তিসূচক পদ থাকবে। প্রতিটির জন্য 0.5 করে মোট 2 নম্বর। • পত্রের শেষে স্বতন্ত্র ভাবে প্রাপকের নাম, ঠিকানা দিতে পারলে আরো 1 নম্বর দেওয়া হবে। • পত্রের বিষয়বস্তুর জন্য 3 নম্বর। • বক্তব্য ঠিক থাকলে অন্তত 2 নম্বর। • দক্ষতা ও ব্যক্তিগত পত্রের সুরটি বজায় থাকলে পুরো 3 নম্বর দেওয়া যাবে। 	6 (3 + 3)
	SECTION - D (LITERATURE)	
8.	<p>গদ্য থেকে উদ্ধৃতি-ভিত্তিক প্রশ্ন।</p> <p>‘নিখিল শোনে আর কালি হয়ে যায়’ -</p> <p>উত্তর সংকেত ঃ</p> <p>(a) মানিক বন্দ্যোপাধ্যায়ের লেখা (0.5) ‘কে বাঁচায় কে বাঁচে’ গল্পের অংশ (0.5) = 1 নম্বর।</p> <p>(b) গল্পের অন্যতম প্রধান চরিত্র মৃত্যুঞ্জয়ের খুব কাছের বন্ধু, সমপদস্থ সহকর্মী। 1 নম্বর।</p> <p>(c) মৃত্যুঞ্জয়ের আবেগ-তাড়িত , হতাশাগ্রস্ত অবস্থার কথা তার স্ত্রীর মুখে শুনে নিখিলের এই অবস্থা হয়েছে বলে লেখক জানান। - 3 নম্বর।</p>	5 (1+1+ 3)

Q No.	EXPECTED ANSWERS / VALUE POINTS	DISTRIBUTION OF MARKS
	<p>অথবা</p> <p>‘ডাক্তাররা বলে দিয়েছে যজ্ঞি হোম হচ্ছে।’</p> <p>(a) মহাশ্বেতা দেবীর লেখা (0.5) ‘ভাত’ গল্পের অংশ (0.5) = 1 নম্বর।</p> <p>(b) বাড়ির বুড়ো কর্তা সম্পর্কে। 1 নম্বর।</p> <p>(c) যজ্ঞের বর্ণনা। তান্ত্রিক নানা রকম কাঠ কালো বিড়ালের লোম, শ্মশানের বালি তান্ত্রিকের মন্ত্র-গর্জন ইঃ। - নিজের মতো করে গুছিয়ে লেখার মান অনুযায়ী 2 থেকে পুরো 3 নম্বর দেওয়া যাবে।</p>	
9.	<p>পাঠ্য গদ্যাংশ থেকে নির্বাচনমূলক প্রশ্ন (MAQ)। (a) থেকে (h) পর্যন্ত আটটি প্রশ্নের মধ্যে যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর বেছে লিখতে হবে। প্রতিটি সঠিক উত্তরের জন্য 1 নম্বর।</p> <p>উত্তর :</p> <p>(a) (iii) হরিচরণ</p> <p>(b) (ii) কুঁজো</p> <p>(c) (iii) বেলা এগারোটোর পর</p> <p>(d) (ii) চাকরি</p> <p>(e) (iii) মৃত্যুঞ্জয়</p> <p>(f) (iii) চিটচিটে তুলোর কম্বল</p> <p>(g) (ii) মেজাজী</p> <p>(h) (iii) অনাহারে মৃত্যু দেখেছিল</p>	5 (1 x 5)

Q No.	EXPECTED ANSWERS / VALUE POINTS	DISTRIBUTION OF MARKS
10.	<p>পাঠ্য পদ্যাংশ থেকে সপ্রসঙ্গ ব্যাখ্যা। যে-কোনো একটি।</p> <p>মূল্যায়ণ নীতি :</p> <ul style="list-style-type: none"> • সূত্র নির্ভুল হলে 1 নম্বর। • প্রসঙ্গ উল্লেখ করলেই 1 নম্বর। • ব্যাখ্যার জন্য থাকবে 3 নম্বর। ন্যূনতম 1 নম্বর এবং বিশ্লেষণ বা উপস্থাপনার মান অনুযায়ী 2 থেকে পুরো 3 নম্বর। • ব্যাখ্যা অংশটি যদি ভালো না-ও হয়, সূত্র-প্রসঙ্গ-ব্যাখ্যা - এই তিনটি অংশে গুছিয়ে লেখা হলেও পুরো 3 নম্বর দেওয়া যাবে। <p>উত্তর সংকেত :</p> <p>‘সত্য যে কঠিন ভালোবাসিলাম’।</p> <ul style="list-style-type: none"> • সূত্র : রবীন্দ্রনাথ ঠাকুরের ‘রূপনারানের কূলে’। • প্রসঙ্গ : জীবনের প্রকৃত অর্থের উপলব্ধি। বাস্তব কঠোর উচ্চাচ জীবনকে আলিঙ্গনের অঙ্গীকার। • ব্যাখ্যা : সত্য কঠিন। সত্য নির্মম। জীবন সত্য। সত্যকে চেনা না গেলে তাকে প্রকৃত ভালোবাসাও যায় না। কবি জীবনকে ভালোবাসতে চান। জীবনের রূঢ় বাস্তব সত্যকে পাশ কাটিয়ে নয়, তাকে বরণ করে, যাবতীয় দুঃখ যন্ত্রণার মূল্যের বিনিময়ে। কথাগুলিকে নিজের মতো করে লিখতে পারলেই নম্বর দিতে হবে। <p><u>অথবা</u></p> <p>‘শহরের অসুখ সবুজের অনটন ঘটে’।</p> <ul style="list-style-type: none"> • সূত্র : শক্তি চট্টোপাধ্যায়ের লেখা ‘আমি দেখি’। • প্রসঙ্গ : সবুজ তথা প্রকৃতি-বিচ্ছিন্ন নিষ্প্রাণ বর্তমান সভ্যতায় প্রাণের সঞ্চারণ প্রয়োজন। • ব্যাখ্যা : অরণ্য ও গ্রামকে লেহন করে সভ্যতা এগোয়, শহরের 	<p style="text-align: center;">5 (2 + 3)</p>

Q No.	EXPECTED ANSWERS / VALUE POINTS	DISTRIBUTION OF MARKS
	<p>বিস্তার ঘটে। নাগরিক সভ্যতা তথা বস্তুগত সমৃদ্ধি বৃদ্ধির সঙ্গে সঙ্গে কমতে থাকে প্রাণের আরাম, মনের আনন্দ, আত্মার শান্তি। এইটেই সভ্যতা বা শহরের অসুখ। এই প্রগতিশীল শহর ও প্রাণের মধ্যে একটা ভারসাম্য কামনা করেছেন কবি। উন্নয়ন প্রত্যাশী, আরোগ্যকামী কবি। তাই শহরে সবুজের অনটন ঘটতে দিতে চান না।</p>	
11.	<p>কবিতা থেকে পংক্তি তুলে প্রশ্ন।</p> <p>‘যে মেয়ে নিখোঁজ জঙ্গলে তাকে পেয়ে’</p> <p>(a) মৃদুল দাশগুপ্তের লেখা (0.5) ‘ক্রন্দনরতা জননীর পাশে’ কবিতার অংশ (0.5) = 1 নম্বর।</p> <p>(b) আক্ষরিক অর্থ ‘ছেঁড়াখোড়া’ বা নিহিতার্থ ‘ধ্বংসিতা’ বা ‘নির্ঘাতিতা’ - 1 নম্বর।</p> <p>(c) নিপীড়ণ / অত্যাচার / ধর্ষণ ইত্যাদি ব্যক্তিগত মানসিক বিকৃতি / সামাজিক অসুস্থতা / রাজনৈতিক প্রতিহিংসার কারণে - 3 নম্বর।</p> <p>অথবা</p> <p>‘আরোগ্যের জন্যে ঐ সবুজের ভীষণ দরকার’।</p> <p>(a) কবি শক্তি চট্টোপাধ্যায়ের লেখা (0.5) ‘আমি দেখি’ কবিতার অংশ (0.5) = 1 নম্বর।</p> <p>(b) ‘রোগের উপশম বা নিরাময় - 1 নম্বর।</p> <p>(c) প্রকৃতিকে গ্রাস করতে করতে শিল্প-সভ্যতা তথা নগর সভ্যতার প্রাণহীনতা আজ চরম সীমায় পৌঁছেছে। এখন সেই প্রকৃতিকে আর উপেক্ষা করার উপায় নেই। মৃত্যুপথযাত্রী মানব সমাজের আরোগ্য লাভের জন্যে তাই প্রকৃতি বা সবুজের ভীষণ দরকার।</p>	<p style="text-align: center;">5 (1+1+3)</p>

Q No.	EXPECTED ANSWERS / VALUE POINTS	DISTRIBUTION OF MARKS
12.	<p>নাটক থেকে পংক্তি তুলে প্রশ্ন। “পাবলিক তো আপনাকে চাটুজেজমশাই”।</p> <p>(a) কালীনাথ (1) রজনীকান্ত চট্টোপাধ্যায়ের উদ্দেশে (1) = 2 নম্বর।</p> <p>(b) পাবলিক এখন ঘোর নিদ্রামগ্ন, তারা রজনীকান্তকে স্বপ্নেও দেখে না। তাকে এখন কেউ চায় না, এমনকি তার পরিবার পর্যন্ত। - 2 নম্বর।</p> <p>অথবা</p> <p>“শিল্পকে যে ভালোবেসেছে - নেই।”</p> <p>(a) রজনীকান্ত চট্টোপাধ্যায়ের উক্তি (1), কালীনাথের উদ্দেশে 1) = 2 নম্বর।</p> <p>(b) শিল্প অজর, চিরনবীন। তাই শিল্পে নিবেদিত প্রাণ অর্থাৎ শিল্পীর মনও সর্বদা সজীব, সৃজনশীল থাকে - কোনোরকম অবসাদ, দীনতা, বার্ষিক্য তার মনকে স্পর্শ করতে পারে না। - 3 নম্বর।</p>	<p>5 (2 + 3)</p>
13.	<p>পাঠ্য নাটক ‘নানা রঙের দিন’ থেকে নির্বাচনমূলক প্রশ্ন (MCQ) ।</p> <p>(a) থেকে (h) -এর মধ্যে যে-কোনো পাঁচটি বেছে লিখতে হবে। প্রতিটি 1 নম্বর।</p> <p>উত্তর :</p> <p>(a) (i) - সাজাহান</p> <p>(b) (i) - দিলদারের</p> <p>(c) (ii) - কালীনাথ</p> <p>(d) (iii) - রিচার্ড দ্য থার্ড</p> <p>● পাঠ্য নাটকে এই নাটকের নামোল্লেখ নেই। তাই ‘ওথেলো’ লিখলেও 1 নম্বর দিতে হবে।</p> <p>(e) (ii) - কালীনাথ</p> <p>(f) (i) - অস্পৃশ্য ভাঁড়</p>	<p>5 (1 x 5)</p>

Q No.	EXPECTED ANSWERS / VALUE POINTS	DISTRIBUTION OF MARKS
	<p>(g) (i) - থিয়েটার ছেড়ে দিতে</p> <p>(h) (iii) - ৬৮</p>	
14.	<p>পাঠ্য আন্তর্জাতিক কবিতা থেকে পংক্তি তুলে প্রশ্ন। যদিও ‘অথবা’ - যুক্ত প্রশ্নটি আন্তর্জাতিক কবিতা থেকে করা হয়নি।</p> <p>‘জয়তোরণে ঠাসা মহনীয় রোমসীজার?’</p> <p>(a) বের্টোল্ট ব্রেখটের লেখা (1), ‘পড়তে জানে এমন এক মজুরের প্রশ্ন’ কবিতার অংশ (1) = 2 নম্বর।</p> <p>(b) যুগে যুগে রাজার আবির্ভাব হয়। তাঁরা মজুরদের ঘাম-রক্ত ঝরিয়েই কীর্তিমান, খ্যাতিমান হন। সাধারণ শ্রমজীবী মানুষদের অশিক্ষা ও দারিদ্র্যের অন্ধকারে রেখে তীব্র আলোকোজ্জ্বল জীবন যাপন করেন তাঁরা। সেই সব রাজাদের কীর্তির মূল্য বহন করে প্রজারা। অথচ তারা ইতিহাসে স্বীকৃতি পায় না। পরিকল্পিত সেই বৃহৎ বঞ্চনার বিরুদ্ধে প্রশ্ন তুলেছেন কবি। - মোটামুটি বোঝাতে পারলেই 2 থেকে পুরো 3 নম্বর।</p> <p>অথবা</p> <p>“ক্রন্দনরতা জননীর যদি না থাকি?”</p> <p>a) মৃদুল দাশগুপ্তের লেখা (1), ‘ক্রন্দনরতা জননীর পাশে’ কবিতার অংশ (1) = 2 নম্বর।</p> <p>b) সমাজের ঘোর দুর্দিনে, ব্যাপক অমানবিকতার বিরুদ্ধে কবিতার মাধ্যমে প্রতিবাদ জানিয়ে সুস্থ মানবিকতার পাশে দাঁড়াতে চান কবি। প্রয়োজনমতো অন্যায়ে, অবিচার, শোষণ, বঞ্চনার বিরুদ্ধে সোচ্চার হওয়ার মধ্যেই কবি খুঁজে পান শিল্প সাহিত্যের সার্থকতা। - মোটামুটি বোঝাতে পারলেই 2 থেকে পুরো 3 নম্বর।</p>	5 (2 + 3)

Q No.	EXPECTED ANSWERS / VALUE POINTS	DISTRIBUTION OF MARKS
15.	<p>‘আমার বাংলা’ গ্রন্থ থেকে পংক্তি তুলে প্রশ্ন।</p> <p>‘এদিকে আর এক রকমের নানকার প্রথা।’</p> <p>(a) গারো পাহাড়ের নীচে চাষীদের গ্রামগুলিতে / ডালু, হাজং, গারোদের গ্রামগুলিতে। - 1 নম্বর।</p> <p>(b) নানকার প্রজাদের জমিতে স্বত্ব বা অধিকার ছিল না। জমির আম কাঁঠালের উপরেও অধিকার ছিল না। জরিপের পর আড়াই টাকা পর্যন্ত কর ধার্য হত। কর বা খাজনা অনাদায়ে শারীরিক অত্যাচার হত - সম্পত্তি নিলাম হত। - 2 থেকে 4 নম্বর।</p> <p>অথবা</p> <p>‘সেই দুটি জ্বলন্ত চোখ শান্তি চায়’ -</p> <p>(a) ‘হাত বাড়াও’ রচনায় পঞ্চাশের আকালের শিকার ১২/১৩ বছরের একটি উলঙ্গ ছেলের চোখ দুটির কথা বলেছেন। - 1 নম্বর।</p> <p>(b) জ্বলন্ত চোখদুটি কিছু খুঁজে বেড়ায় - কুয়াশার মধ্যেও জ্বলজ্বল করে - শান্তি চায়। ভয়ানক সেই চোখের দৃষ্টিতে এমন এক মায়া ছিল, যা বুকের রক্ত হিম করে দেয়।</p>	<p>5</p> <p>(1 + 4)</p>
16.	<p>‘আমার বাংলা’ থেকে নির্বাচনমূলক প্রশ্ন (MCQ)।</p> <p>(a) থেকে (g) -এর মধ্যে যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর বেছে লিখতে হবে। প্রতিটি সঠিক উত্তর 1 নম্বর।</p> <p>উত্তর :</p> <p>(a) (ii) - কয়েদিদের দিয়ে</p> <p>(b) (ii) - সোমেশ্বরী</p> <p>(c) (iii) - মহাজন</p> <p>(d) (i) - পিকেটিং</p> <p>(e) (ii) - প্রহরী</p> <p>(f) (i) - শিলিগুড়ি</p> <p>(g) (i) - বাঙালি</p>	<p>5</p> <p>(1 x 5)</p>